# Times Today BD

মাহবুব আলম | দেশজুড়ে | 13 April, 2025

পিরোজপুরের কাউখালীতে স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মো. জসিম উদ্দিনের ঈদ শুভেচ্ছার পোস্টার লাগানোর সময় নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের হামলার ঘটনায় হামলাকারীদের গ্রেপ্তার ও শাস্তির দাবিতে প্রতিবাদ সমাবেশ করেছে কাউখালি উপজেলা সেচ্ছাসেবক দল।শনিবার বিকেলে কাউখালি উপজেলার শিয়ালকাঠী ইউনিয়ন বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

□এর আগে গত ২৮ মার্চ রাত ৯টার দিকে কাউখালি উপজেলার ৫ নম্বর শিয়ালকাঠি ইউনিয়ন পরিষদের সামনে পোস্টার লাগানোর সময় এ হামলার ঘটনা ঘটে।এতে ঢাকা মহানগর (উত্তর) ছাত্রদলের সাবেক সহ-সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম সুমন, উপজেলার ৫ নম্বর শিয়ালকাঠি ইউনিয়ন ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জোবায়ের হোসেন, কাউখালি উপজেলা ছাত্রদলের সদস্য বেল্লাল হোসেন, ৫ নম্বর শিয়ালকাঠি ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড ছাত্রদলের প্রস্তাবিত সভাপতি মফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক মো. রিয়াজ, ছাত্রদল কর্মী নাইম আকন, সেচ্ছাসেবক দল কর্মী মেহেদী হাসান এবং অটোরিকশা চালক কাওসার হোসেন আহত হয়।

□সমাবেশে বক্তারা বলেন, গত ২৮ মার্চ স্বেচ্ছাসেবক দল নেতার পোস্টার লাগানোর সময় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের হামলার এই ন্যাক্কারজনক ঘটনার তীব্র নিন্দা জানাই এবং দোষীদের দ্রুততম সময়ে আইনের আওতায় এনে কঠোর শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানাই।পাশাপাশি আমরা প্রশাসনের প্রতি আহ্বান জানাই এ ঘটনার সুষ্ঠ তদন্ত করে হামলাকারীদের বিচারের মুখোমুখি করা হোক এবং ভবিষ্যতে এমন ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে, সে ব্যবস্থা গ্রহণ করা হোক।

□□কাউখালি উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক জাহিদুর রহমান ফিরোজ এর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির আহবায়ক এস এম আহসান কবির, স্বেচ্ছাসেবক দলের আহবায়ক মোঃ মনিরুজ্জামান মনি, সদস্য সচিব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহবায়ক নাদিম শেখ, উপজেলা সদস্য সচিব রাকিব তালুকদার প্রমুখ।

পিরোজপুর ঈদ শুভেচ্ছা ছাত্রলীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 08:30

URL: https://www.timestodaybd.com/across-the-country/775807696